



# কুমুদিনী নার্সিং কলেজ

মির্জাপুর, টাঙ্গাইল।



০১৫৫০৬৯৮৯২৬, ০১৭৩৯৪৬৯৬৫৯, ০১৮১২৩৮৬৩৭৬

Email: office@kumudininursing.edu.bd, Website: www.kumudininursing.edu.bd

তারিখঃ ২৮ ফেব্রুয়ারি ২০২৬

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নিয়ন্ত্রনে কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সরকারি নিয়ম অনুযায়ী কুমুদিনী নার্সিং কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে নিম্নলিখিত কোর্স সমূহে ভর্তির জন্য ভর্তি ইচ্ছুক শুধুমাত্র ছাত্রীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

- ১। বি.এসসি. ইন নার্সিং (৪ বছর মেয়াদী)।
- ২। ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি (৩ বছর মেয়াদী)।
- ৩। ডিপ্লোমা ইন মিডওয়াইফারি (৩ বছর মেয়াদী)।

### কোর্স সমূহে ভর্তির জন্য আবেদনের যোগ্যতা:

- ১। কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ২। প্রার্থীকে অবিবাহিতা এবং শারীরিক ও মানসিক দিক থেকে সুস্থাস্থ্যের অধিকারী হতে হবে।
- ৩। বি.এসসি. ইন নার্সিং কোর্সে ভর্তির জন্য প্রার্থীকে অবশ্যই জীববিজ্ঞান সহ বিজ্ঞান শাখা হতে পাশ হতে হবে।
- ৪। পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত রঙিন ছবি জমা দিতে হবে। (সংযুক্ত ছবি ও কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে লাগানো ছবির সাথে মিল থাকতে হবে)
- ৫। এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষার সার্টিফিকেটের ফটোকপি (মূল/সাময়িক), একাডেমিক ট্রান্সক্রিপ্ট/মার্কসীটের ফটোকপি, প্রশংসা পত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ৬। চেয়ারম্যানের নিকট হতে নাগরিকত্বের সনদপত্র এবং জন্ম সনদ/জাতীয় পরিচয় পত্রের ফটোকপি জমা দিতে হবে।
- ৭। কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং ফলাফলের ফটোকপি আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।
- ❖ ভর্তির আবেদন ফরম অফেরতযোগ্য ৫১০/- (পাঁচ শত দশ) টাকা মার্চেন্ট বিকাশ ০১৭৩০০৯০২৯৭ এর মাধ্যমে পেমেন্ট করে কলেজের ওয়েবসাইটে [www.kumudininursing.edu.bd](http://www.kumudininursing.edu.bd) অনলাইনে আবেদন ফরম ১০ মার্চ ২০২৬ বিকাল ৪.০০ টা পর্যন্ত জমা দেওয়া যাবে।
- ❖ কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার মেধা ক্রম অনুসারে ও মৌখিক পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে ভর্তি করা হবে। অন্যান্য সকল তথ্যের জন্য কুমুদিনী নার্সিং কলেজ, মির্জাপুর, টাঙ্গাইল (০১৫৫০-৬৯৮৯২৬, ০১৭৩৯-৪৬৯৬৫৯, ০১৮১২-৩৮৬৩৭৬) যোগাযোগ করতে বলা হচ্ছে।
- ❖ মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচী মোবাইলের মাধ্যমে জানানো হবে।
- ❖ মৌখিক পরীক্ষার সময় সকল সনদ (মূল/সাময়িক), মূল নম্বরপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র সাথে আনতে হবে।
- ❖ পরীক্ষা গ্রহণ, মেধাতালিকা প্রণয়ন এবং ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

অধ্যক্ষ  
কুমুদিনী নার্সিং কলেজ  
মির্জাপুর, টাঙ্গাইল